



তিন নির্বাচন কমিশনের সদস্যদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার ঘোষণা বিএনপির



সংগৃহীত ছবি

শেখ হাসিনার আমলে হওয়া বিতর্কিত তিন নির্বাচনে জড়িত নির্বাচন কমিশনের সিইসি ও ইসিদের নামে মামলার প্রস্তুতি নিয়েছে বিএনপি। আজ শনিবার (২১ জুন) মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বিষয়টি গণমাধ্যমে নিশ্চিত করেন।

তিনি জানিয়েছেন, মামলার আবেদনের কপি নিয়ে রোববার (২২ জুন) একটি প্রতিনিধি দল প্রথমে ইসিতে যাবে। এরপর তারা বেলা পৌনে ১১টায় শেরেবাংলা থানায় মামলার আবেদন করবেন।

এতে উপস্থিত থাকবেন দলটির কেন্দ্রীয় কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদসহ তিন সদস্যের একটি প্রতিনিধিদল।

প্রসঙ্গত, ২০১৪ সালে দশম জাতীয় সংসদ নির্বাচন সিইসি কাজী রকিবউদ্দীন আহমদ, ২০১৮ সালে একাদশ জাতীয় সংসদ নির্বাচন সিইসি কেএম নূরুল হুদা এবং ২০২৪ সালে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সিইসি কাজী হাবিবুল আউয়াল দায়িত্ব পালন করেছিলেন।

আওয়ামী লীগ সরকারের বিতর্কিত এইসব প্রশ্নবিদ্ধ এইসব নির্বাচনে দায়িত্বরত ছিল এমন নির্বাচন কমিশন ও কর্মকর্তাদের বিরুদ্ধে অনিয়মের তদন্ত করতে ইতোমধ্যে অন্তর্বর্তী সরকার সিদ্ধান্ত দিয়েছে।